গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪৮/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার, ২১ জুন ২০১৮, ৭ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মাদকের গডফাদারদের শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নতুন আইন হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

২। গণভবনে নারী ক্রিকেটারদের সংবর্ধনা দিলেন প্রধানমন্ত্রী

৩। বস্তিবাসীদের আবাসনে ৫০ মিলিয়ন ডলার ঋণ দিয়েছে বিশ্বব্যাংক : সংসদে অর্থমন্ত্রী

৪। নির্বাচনকালীন ছোট আকারের সরকার অক্টোবরে গঠিত হতে পারে : সেতুমন্ত্রী

৫। আর্ট ক্যাম্পেইনের উদ্বোধন করলেন স্পিকার

৬। হাউজিং প্রকল্পের বেদখল খাস জমি উদ্ধারের নির্দেশ ভূমিমন্ত্রীর

৭। উদ্যোক্তা নারীদের জন্য দেশের সব জেলায় জয়িতা ভবন নির্মাণ করা হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৮। এসডিজি অনুযায়ী সরকার স্বাস্থ্যখাতকে এগিয়ে নিচ্ছে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

৯। মানবসম্পদ উন্নয়নে জাপানের ৩৪ কোটি টাকার অনুদান

১০। বর্তমান যুগ তথ্যের যুগ : পিআইডিতে তথ্যসচিব

চলমান পাতা-২

১। মাদকের গডফাদারদের শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নতুন আইন হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মাদক ব্যবসায় পৃষ্ঠপোষকতাকারী ও মাদকের গডফাদারসহ মাদক সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর আইন প্রণয়নের লক্ষ্যে শীঘ্রই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ প্রণয়ন করা হচ্ছে। সংশোধিত আইনে মাদক ব্যবসায় পৃষ্ঠপোষক ও মাদকের গডফাদারসহ মাদক সিন্ডিকেটের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রাখার প্রস্তাব করা হবে। তাছাড়া এ আইনে মাদক ব্যবসায় পৃষ্ঠপোষক ব্যক্তি বা প্রতিষ্ঠানকেও আইনের আওতায় আনার জন্য মানিলন্ডারিং সংক্রান্ত অপরাধ তদন্তে মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের কর্মকর্তাদের ক্ষমতা দেওয়া হচ্ছে। গতকাল (২০ জুন বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। গণভবনে নারী ক্রিকেটারদের সংবর্ধনা দিলেন প্রধানমন্ত্রী

এশিয়া কাপ টি-২০ টুর্নামেন্টে যে নৈপুণ্য দেখিয়েছে সেভাবে ভবিষ্যতেও বাংলাদেশের নারী ক্রিকেটাররা তাদের সাফল্য অব্যাহত রাখবে বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশা প্রকাশ করেছেন। গতকাল (২০ জুন বুধবার) রাতে গণভবনে এশিয়া কাপ টি-২০ টুর্নামেন্টে বিজয়ী মহিলা ক্রিকেটারদের এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি বলেন, আপনারা এশিয়া কাপে যে নৈপুণ্য দেখিয়েছেন সেখান থেকে পিছু হটবেন না বলে আমি আশাবাদী। মহিলা ক্রিকেটারদের পাশে থাকার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, বিজয়ে খেলোয়াড়রা উল্লসিত হবে, তবে পরাজয়ে হতাশ হওয়া উচিত নয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩। বস্তিবাসীদের আবাসনে ৫০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দিয়েছে বিশ্বব্যাংক : সংসদে অর্থমন্ত্রী

বিশ্বব্যাংক 'লো-ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট' প্রকল্পে ৫০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দিয়েছে বলে সংসদকে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ২০১৬ সালের ৩০ জুন বিশ্বব্যাংকের সাথে বাংলাদেশের এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলেও জানান তিনি। গতকাল (২০ জুন বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৪। নির্বাচনকালীন ছোট আকারের সরকার অক্টোবরে গঠিত হতে পারে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনের জন্য ছোট আকারের নির্বাচনকালীন সরকার চলতি বছরের অক্টোবরেই গঠিত হতে পারে। গতকাল (২০ জুন বুধবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ে কর্মকর্তাদের সঙ্গে ঈদ পরবর্তী পর্যালোচনা সভাশেষে এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, নির্বাচনের সিডিউল ঘোষণার সঙ্গে সঙ্গে নির্বাচনকালীন সরকার দায়িত্ব গ্রহণ করবে। নির্বাচনকালীন সরকার বলতে নতুন কোনো সরকার গঠিত হবে না। বর্তমান সরকারই নির্বাচনকালীন সরকারের দায়িত্ব নেবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৫। আর্ট ক্যাম্পেইনের উদ্বোধন করলেন স্পিকার

'এসো নতুন রঙে আঁকি বাংলাদেশ' এর চিত্রকর্মের উদ্বোধন করলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২০ জুন বুধবার) স্পিকারের কার্যালয়ে ইনোভেটিভ গ্যারেজের আর্ট ক্যাম্পেইন কমিটির আহ্বায়ক মো. আহসান হাবিবের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষার্থীরা তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় স্পিকার আর্ট ক্যাম্পেইনটি রং তুলির আঁচড় দিয়ে শুভ সূচনা করেন। 'এসো নতুন রঙে আঁকি বাংলাদেশ'-এর চিত্রকর্মটিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি সংবলিত বাংলাদেশের মানচিত্র চিত্রায়িত হবে। এতে ত্রিশ লাখ মানুষ রং তুলির ছোঁয়ায় অংশগ্রহণ করবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬)।

৬। হাউজিং প্রকল্পের বেদখল খাস জমি উদ্ধারের নির্দেশ ভূমিমন্ত্রীর

ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফ সারাদেশে বিভিন্ন হাউজিং প্রকল্পের অভ্যন্তরে থাকা সরকারি খাস জমি উদ্ধারের লক্ষ্যে জেলা প্রশাসকদের কাছ থেকে খাস জমির হালনাগাদ তথ্য নেওয়ার পাশাপাশি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। গতকাল (২০ জুন বুধবার) ভূমি মন্ত্রণালয়ে আয়োজিত বিভিন্ন হাউজিং প্রকল্পের অভ্যন্তরে বেদখল হওয়া সরকারি জমি উদ্ধার সংক্রান্ত এক সভায় ভূমিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.৩)।

৭। উদ্যোক্তা নারীদের জন্য দেশের সব জেলায় জয়িতা ভবন নির্মাণ করা হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, উদ্যোক্তা নারীদের জন্য দেশের সব জেলায় একটি করে জয়িতা ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। গতকাল (২০ জুন বুধবার) কুষ্টিয়া জেলার কুমারখালী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে ১৫৫ বছর পূর্তি ও সাবেক শিক্ষার্থীদের পুর্নমিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.,ক.৭)।

৮। এসডিজি অনুযায়ী সরকার স্বাস্থ্যখাতকে এগিয়ে নিচ্ছে : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অনুযায়ী সরকার স্বাস্থ্যখাতকে এগিয়ে নিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (২০ জুন বুধবার) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

৯। মানবসম্পদ উন্নয়নে জাপানের ৩৪ কোটি টাকার অনুদান

মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে জাপান সরকার 'মানবসম্পদ উন্নয়ন বৃত্তি (জেডিএস)' প্রকল্পের আওতায় ৩৪ কোটি ১৫ লাখ টাকার সমপরিমাণ ৪ দশমিক ১০ মিলিয়ন জাপানি ইয়েন অনুদান সহায়তা প্রদান করবে। এ বিষয়ে গতকাল (২০ জুন বুধবার) ঢাকায় পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলনকক্ষে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে 'বিনিময় নোট' ও 'অনুদান চুক্তি' স্বাক্ষরিত হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.৮,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

১০। বর্তমান যুগ তথ্যের যুগ : পিআইডিতে তথ্যসচিব

বর্তমান যুগকে তথ্যের যুগ বলে অভিহিত করে তথ্যসচিব আবদুল মালেক বলেছেন, যুগের পরিবর্তনের সাথে সাথে তথ্য মন্ত্রণালয়ের কর্মপরিধি বেড়ে চলেছে এবং তা সম্পাদনে মন্ত্রণালয় প্রস্তুতও রয়েছে। গতকাল (২০ জুন বুধবার) সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী আঞ্চলিক দপ্তরপ্রধানদের সঙ্গে প্রধান তথ্য অফিসারের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সচিব একথা বলেন। প্রধান তথ্য অফিসার কামরুন নাহার তাঁর বক্তৃতায় তথ্য অধিদফতরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়িত হবে বলে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সূত্র-**আমাদের অর্থনীতি** (শেষ পৃ.,ক.৭), **অবজারভার** (পৃ.৪,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের প্রাথমিক শিক্ষা সবার জন্য অবৈতনিক ও বাধ্যতামূলক হওয়া সত্ত্বেও অবৈতনিকভাবে লেখাপড়া করছে কেবল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক বিদ্যালয়ের **১** কোটি **৩৯** লাখ শিক্ষার্থী উল্লেখ করে দেশের সব প্রাথমিক বিদ্যালয় এ সুবিধার আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** চট্টগ্রাম বন্দরে কনটেইনারবাহী জাহাজের জট বেড়েছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল, যায়যায়দিন :** দেশের প্রায় দুই লাখ ৬৮ হাজার একর বনভূমি বেদখল হয়েছে পরিবেশ ও বনমন্ত্রীর এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে দখলকৃত বনভূমি উদ্ধারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ডেইলি সান :** বাংলাদেশে প্রতিবছর ৪২ হাজার হেক্টর বনভূমি হারানোর বিষয়ে জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থা (ফাও) এর প্রতিবেদন তুলে ধরে সরকারকে বনভূমি রক্ষার্থে স্থানীয় জনগোষ্ঠীকে বনভূমি সংক্রান্ত সব কাজে অন্তর্ভুক্ত করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, অবজারভার, সংবাদ :** সিলেট, সুনামগঞ্জ, খাগড়াছড়িসহ দেশের বিভিন্ন জেলায় বন্যাদুর্গতের মাঝে ত্রাণ বিতরণসহ বন্যা মোকাবিলায় বাঁধ নির্মাণ ও রক্ষাণাবেক্ষণে সমন্বিত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, নিউ নেশন :** চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের সাতকানিয়ায় ইটভাটায় কৃষিজমির উপরিস্থ উর্বর মাটি ব্যবহৃত হওয়ায় জমির উর্বরা শক্তি কমে যাওয়ায় কৃষিজমি রক্ষার্থে এ সংক্রান্ত আইন কঠোরভাবে প্রয়োগের ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে অনেক তরুণ আইনশৃঙ্খলা পরিপন্থি বিভিন্ন কর্মকাণ্ডে জড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ পরিস্থিতি প্রতিহতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, হাওড়ে অকাল বন্যার অন্তর্নিহিত কারণ উদ্‌ঘাটন করে সমাধানের উদ্যোগ নিতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'পদে পদে নারীর হয়রানি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, যেকোনো ধরনের নারী হয়রানি ও অন্যায় বন্ধে হয়রানির অভিযোগগুলোর দ্রুত বিচার নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা